গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
প্রশাসন বিভাগ
www.jbc.gov.bd
২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

নম্বর: ৫৩.১৯.০০০০.৩০৩.১৩.০০৭.২০.১৯৫

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

**অফিস আদেশ**

যেহেতু, সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৮/১৩৮৩, ৪০০৬৬১২৮), জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম গত ২৯/০৭/২০১৯ খ্রিঃ তারিখ হতে ২৬/১০/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ৯০ (নব্বই) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে আমেরিকায় গমন করেন। পরবর্তীতে কর্মচারীর আবেদন এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ২৭/১০/২০১৯ তারিখ হতে ২৩/০৪/২০২০ তারিখ পর্যন্ত আরো ১৮০ দিন ছুটি বর্ধিত করা হয়। উক্ত বহিঃ বাংলাদেশ ছুটি শেষে তিনি কর্মস্থলে যোগদান করেননি। বরং তিনি গত ২৪-০৪-২০২০ খ্রিঃ তারিখ থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করে ২৫-০৫-২০২০ তারিখে আমেরিকা থেকে আবেদন করেন, যা চট্টগ্রাম রিজিওনাল অফিস এ দপ্তরে প্রেরণ করেন। কিন্তু তার চাকুরী ২৫ বছর পূর্তি না হওয়ায় স্বেচ্ছায় অবসর প্রদানের সুযোগ নেই ;

যেহেতু, তার এ ধরণের অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি কর্পোরেশনের কার্যক্রম মারাত্মক ব্যাহত করে এবং জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ১৯৯২-এর ২(ঢ)-এর সংজ্ঞানুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, এবং অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদুর্ধ সময় বিদেশে অবস্থান করছেন যাজীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ১৯৯২-এর ৩৭ নং প্রবিধানের (ক), (খ) ও (গ) উপ-প্রবিধান অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও চাকুরি হতে পলায়নের শামিল ;

যেহেতু, সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৮/১৩৮৩, ৪০০৬৬১২৮), জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-এর উপরিউক্ত অভিযোগে তাকে জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ১৯৯২-এর ৩৭ নং প্রবিধানের (ক), (খ) ও (গ) উপ-প্রবিধান অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করে গত ০৩/০৯/২০২০ তারিখের ৫৩.১৯. ০০০০.৩০৩.১৩.০০৭.২০.৯৩ সংখ্যক পত্রে বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশ তার অফিস, স্থায়ী ও আমেরিকার ঠিকানায় প্রেরন করা হয়। কিন্তু তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব দাখিল করেননি। পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য ২৭/১০/২০২০ তারিখের অফিস আদেশের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করত: ১৭/১২/২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত ;

যেহেতু, সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৮/১৩৮৩, ৪০০৬৬১২৮), জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-এর বিরুদ্ধে ২৯/০৯/২০২১ তারিখের ৫৩.১৯.০০০০.৩০৩.১৩. ০০৭. ২০.১৬৫ সংখ্যক স্মারকে ২য় ও চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম রিজিওনাল অফিসে ২১/১০/২০২১ তারিখর ৫৩.১৯.৯০০৩.০০২.০০.০০০.২১.২৪৭ সংখ্যক পত্রে সংযুক্ত ১৪/১০/২০২১ তারিখে দাখিলকৃত তার জবাব পাওয়া যায়। তার

দাখিলকৃত জবাবে উল্লেখ করেন জবাবে তিনি উল্লেখ করেন এ মুহূর্তে তার স্ত্রী অসুস্থ এবং পারিবারিক সমস্যার কারণে তার আমেরিকা হতে দেশে আসা সম্ভব হচ্ছে না বিধায় কর্পোরেশনে চাকুরী করা তার পক্ষে সম্ভব নয় । তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি। এমতাবস্থায়, তাকে জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ১৯৯২-এর ৩৮ নং প্রবিধান-এর (১)(খ) অনুয়ায়ী গুরু দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ;

সেহেতু, এক্ষণে সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৮/১৩৮৩, ৪০০৬৬১২৮), জীবন বীমা কর্পোরেশন, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-এর উপরিউক্ত অভিযোগে তাকে জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ১৯৯২-এর ৩৭ নং প্রবিধানের (ক), (খ) ও (গ) উপ-প্রবিধান অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই প্রবিধানমালার ৩৮ নং প্রবিধানের (১)(খ)(৫) উপ-প্রবিধান অনুযায়ী গুরু দন্ড হিসাবে তাকে কর্পোরেশরনের চাকুরী হতে বরখাস্ত করা হলো। তার দেনা পাওনার বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগে যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪-১১-২০২১
মোঃ জহরুল হক
ম্যানেজিং ডাইরেক্টর।
ফোন: ০২৯৫৫১০৯৬
ফ্যাক্স: ০২৯৫৬১৮২৫
ইমেইল: mds@jbc.gov.bd

নম্বর: ৫৩.১৯.০০০০.৩০৩.১৩.০০৭.২০.১৯৫/১(১০)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) জেনারেল ম্যানেজার-গ্রুপ, প্রধান কার্যালয়, ঢাকা।

২) জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব, প্রধান কার্যালয়, ঢাকা।

৩) জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম।

৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, প্রধান কার্যালয়, ঢাকা।

৫) ম্যানেজার-পি. এফ ও পেনশন, প্রধান কার্যালয়, ঢাকা।

৬) ম্যানেজার-হিসাব, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম।

৭) ম্যানেজার-প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা।

৮) সৈয়দ আজমল হুদা মুরাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জীবীক, , চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম।

৯) সৈয়দ আজমল হুদা মুরাদ , পিতাঃ সৈয়দ আরিফ উদ্দিন আহমেদ, গ্রাম ও পোঃ ছিপাতলী, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

১০) SYED AJMAL HUDA MURAD, -(9524518419), 1120 CHELMSFORD CIRCLE, DELAWARE, NEWARK-19713, U.S.A. (MOBILE-(9524518419)

৪-১১-২০২১
মিনহাজ উদ্দিন আহমদ
জুনিয়র অফিসার-প্রশাসন।